উপজেলা পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

**jamalpursadar.jamalpur.gov.bd**

**ডিসেম্বর/২০২১ মাসের উন্নয়ন সমন্বয় সভার কার্য-বিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর। |
| তারিখ | : | ০৯ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং "খ" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকল সদস্যকে বিজয় মাসের আন্তরিক ধন্যবাদ জানান এবং ১৯৭১ সালে মহান স্বাধীনতা যুদ্ধে আত্মদানকারী সকল শহীদের রুহের মাগফিরাত কামনা করে সভা শুরু করেন। তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভাপতি ও অন্যান্য সদস্যগণকে আন্তরিক ধন্যবাদ জানান এবং জামালপুর সদর উপজেলার সার্বিক উন্নয়ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে আজকের সভায় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহিত হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার গত নভেম্বর/২১ মাসের সভার কার্য-বিবরণী পাঠ করে শুনান। সভায় কার্য বিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। উপজেলা নির্বাহী অফিসার বিভাগওয়ারী আলোচনার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর আলোচ্যসূচী মোতাবেক নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **১। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>(ক) উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২০-২১ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উদ্বৃত্ত্ব বাবদ মোট ৩,৩৬,১১,১৮৫ (তিন কোটি ছত্রিশ লক্ষ এগারো হাজার একশত পঁচাশি) টাকা এবং ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ১ম কিস্তিতে প্রাপ্য ২৩,৭৮,০০০ (তেইশ লক্ষ আটাত্তর হাজার) টাকার চার কিস্তিতে সম্ভাব্য ৯৫,১২,০০০ (পচানব্বই লক্ষ বার হাজার ) টাকা সহ সর্বমোট ৪,৩১,২৩,১৮৫ (চার কোটি একত্রিশ লক্ষ তেইশ হাজার একশত পঁচাশি) টাকা দ্বারা ১৫টি ইউনিয়ন পরিষদ থেকে দৃশ্যমান ও জনগুরুত্বপূর্ণ রাস্তার প্রকল্প আগামী ১৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট দপ্তরে জমা দেওয়ার জন্য পুনরায় অনুরোধ জানান। | (ক) ২০২১-২২ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত্বের ৩,৩৬,১১,১৮৫ (তিন কোটি ছত্রিশ লক্ষ এগারো হাজার একশত পঁচাশি) টাকা ও ২০২১-২২ অর্থ বছরের স্থানীয় সরকার মন্ত্রণালয় থেকে সম্ভাব্য প্রাপ্য ৯৫,১২,০০০ (পঁচানব্বই লক্ষ বার হাজার) টাকা সহ সর্বমোট ৪,৩১,২৩,১৮৫ (চার কোটি একত্রিশ লক্ষ তেইশ হাজার একশত পঁচাশি) টাকা দ্বারা প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্তে আগামী ১৫ দিনের মধ্যে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। সদস্য, সংশ্লিষ্ট কমিটি। |
| (খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে মূল রাস্তা থেকে নতুন নির্মাণকৃত অফিসার্স ক্লাব পর্যন্ত রাস্তাটি মানুষের চলাচলের জন্য ব্যবহার উপযোগী করো তোলার নিমিত্ত আর.সি.সি ঢালাই ও অফিসার্স ক্লাবের সম্মুখে খালি জায়গাটি নান্দনিক খেলার পরিবেশ ও অফিসার্স ক্লাবের আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। উক্ত প্রকল্পের প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ ও অনুমোদনের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে। | (খ) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের অভ্যন্তরে মূল রাস্তা থেকে নতুন নির্মাণকৃত অফিসার্স ক্লাব পর্যন্ত রাস্তাটি মানুষের চলাচলের জন্য ব্যবহার উপযোগী করো তোলার নিমিত্ত আর.সি.সি ঢালাই ও অফিসার্স ক্লাবের সম্মুখে খালি জায়গাটি নান্দনিক খেলার পরিবেশ ও অফিসার্স ক্লাবের আসবাবপত্র ক্রয়ের প্রাক্কলন প্রস্তুত ও প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট কমিটি। |

| | | |
|---|---|---|
| (গ) উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, জামালপুর সদর উপজেলা পরিষদ প্রাঙ্গণ আধুনিকায়নের প্রয়োজনে বিভিন্ন প্রকার সংস্কার ও উন্নয়ন কাজ বাস্তবায়নের উদ্দেশ্যে এডিপি বাসাবাড়ী ও অফিস রক্ষণাবেক্ষণ খাত থেকে বিশেষ বরাদ্দ চাহিয়া স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রেরণ করা হয়েছিল। সে প্রেক্ষিতে উপজেলা পরিষদ হলরুমে এয়ার কন্ডিশনিং সিস্টেম স্থাপন বাবদ-১০,০০,০০০ টাকা, উপজেলা পরিষদের হলরুমের প্রজেক্টর ও সেমিনার রুমে ডিজিটাল প্যানা স্থাপন বাবদ-৫,০০,০০০ টাকা এবং উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন-২ এর (পার্ট-বি) মেরামত বাবদ-৫,০০,০০০ টাকার বরাদ্দ পাওয়া গেছে। উক্ত কাজ বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | (গ) বিস্তারিত আলোচনান্তে, স্থানীয় সরকার মন্ত্রণালয় থেকে বাসাবাড়ী ও অফিস রক্ষণাবেক্ষণ খাত থেকে প্রাপ্ত উপজেলা পরিষদ হলরুমে এয়ার কন্ডিশনিং সিস্টেম স্থাপন বাবদ-১০,০০,০০০ টাকা, উপজেলা পরিষদের হলরুমের প্রজেক্টর ও সেমিনার রুমে ডিজিটাল প্যানা স্থাপন বাবদ- ৫,০০,০০০ টাকা এবং উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন-২ এর (পার্ট-বি) মেরামত বাবদ- ৫,০০,০০০ টাকার প্রকল্প আর.এফ.কিউ.এম পদ্ধতি অনুসরণ পূর্বক সুন্দর ও সুষ্ঠুভাবে কাজ বাস্তাবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট কমিটি। |
| ২। স্বাস্থ্য বিভাগ:<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন যে, ০৮ ডিসেম্বর ২০২১ খ্রি. পর্যন্ত জামালপুর সদর উপজেলায় করোনা ভাইরাসের মোট নমুনা সংগ্রহ করা হয়েছে মোট ১৮,৪৩৯ টি। এর মধ্যে করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা ২,৭৩১ জন। ছাড়প্রাপ্ত রোগীর সংখ্যা ২,৬৯৩ জন। বর্তমানে আইসোলেশনে আছে ০১ জন এবং এ যাবৎ করোনা আক্রান্ত হয়ে মৃত্যু বরণ করেছেন ৩৭ জন। গত ২৪ ঘন্টায় নতুন রোগী শনাক্ত- ০০ জন। এবং গত ২৪ ঘন্টায় সুস্থ -০০ জন। এছাড়া ০৮ ডিসেম্বর ২০২১ খ্রি: পর্যন্ত করোনা ভ্যাকসিনের প্রথম ডোজ গ্রহণ করেছেন ২,৬৪,৪৫৮ জন এবং ২য় ডোজের টিকা গ্রহণ করেছেন ১,৩১,১৬৪ জন। | (ক) বিস্তারিত আলোচনান্তে সরকারের নির্দেশনা মোতাবেক অগ্রাধিকার ভিত্তিতে করোনা ভাইরাসের টিকা প্রদানের জন্য নিবন্ধন এবং প্রয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর।<br>২। সদস্য, সংশ্লিষ্ট কমিটি। |
| ৩। কৃষি বিভাগ:<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে রবি মৌসুমের জন্য বিনামূল্যে ২১৫০ জন কৃষকের মাঝে গম, ১৬০০ জন কৃষকের মাঝে ভুট্টা, ৩৩৫০ জন কৃষকের মাঝে সরিষা, ৭৫০ জন কৃষকের মাঝে চিনা বাদাম, ১১০ জন কৃষকের মাঝে পেয়াজ, ৩০ জন কৃষকের মাঝে মসুর ডাল এবং ১০ জন কৃষকের মাঝে মুগ ডাল এর বীজ ও সার বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। বর্তমানে জামালপুর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়ন ও পৌরসভার ৮৮৫০ জন কৃষকের মাঝে বোরো ধানের বীজ ও সার বিতরণ চলছে। আগামী এক সপ্তাহের মধ্যে কৃষি প্রণোদনা বিতরণ কার্যক্রম সম্পন্ন হবে। রবি মৌসুমের উৎপাদন কার্যক্রম স্বাভাবিক রাখতে সার ও বালাই নাশক বিভিন্ন উপকরনের পর্যাপ্ত মজুদ রয়েছে। এছাড়া কৃষি বিভাগের দাপ্তরিক ও মাঠ পর্যায়ের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | রবি মৌসুমের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কৃষি বিভাগের সকল মাঠপর্যায়ের কর্মকর্তাদের স্ব-স্ব দায়িত্ব ও কর্তব্য নিষ্ঠার সাথে পালন সহ কৃষকদের সাথে সর্বদা যোগাযোগ রাখতে হবে। এছাড়া আগত বোরো ধানের আবাদ শতভাগ নিশ্চিত কল্পে নিবিড় পর্যবেক্ষণসহ কৃষকদের বিভিন্ন সমস্যা মাঠ পর্যায়ে তদারকি করা ও কৃষি সংক্রান্ত বিভিন্ন সেবা কৃষকদের মাঝে পৌছে দেওয়া সহ সরকার কর্তৃক বিভিন্ন সময়ে কৃষকদের মাঝে কৃষি প্রণোদনা সঠিক ভাবে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | |
|---|---|---|
| ৪। মৎস্য বিভাগ:<br>উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, আগামী ০১/১১/২০২১ খ্রিঃ হতে ঝাটকা ধরা, পরিবহন, বিক্রয় সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করেছে সরকার। এ লক্ষ্যে বাজারে অভিযান, পরিদর্শন, মোবাইল কোর্ট পরিচালনা জোরদার করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মৎস্য বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। এবং আগামী ০১/১১/২০২১খ্রিঃ তারিখ হতে ঝাটকা বিক্রয়, পরিবহন ও বাজারজাতকরণের সরকারি সিদ্ধান্তের যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ৫। প্রাণি সম্পদ বিভাগ:<br>উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক প্রাণিসম্পদ অধিদপ্তরের সকল কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়িত হচ্ছে। তাছাড়া প্রাণিসম্পদ অধিদপ্তরের চলমান প্রকল্প জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ সার্ভিস জোরদারকরণ প্রকল্পের আওতায় সদর উপজেলার দুইজন খামারীর জলাতঙ্ক রোগে আক্রান্ত হয়ে ২টি গাভী মারা যাওয়ায় ক্ষতিপূরণ হিসাবে প্রতি গাভী ৮০,০০০ টাকা করে টাকা পেয়েছেন। প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীরা অদূর ভবিষ্যতে আরো অনেক ভাল কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। | প্রাণী সম্পদ বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করবেন এবং বর্ণিত রোগে আক্রান্ত গবাদি পশু নমুনা পরীক্ষা করার বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, সদর। |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ০৮/১২/২০২১খ্রিঃ পর্যন্ত মোট সক্ষম দম্পতি- ১,৩৬,২৮৮ জন। স্থায়ী জন্ম নিয়ন্ত্রন পদ্ধতি গ্রহণ করেছে (পুরুষ) -০০ জন। স্থায়ী পদ্ধতি (মহিলা) -১৭। দীঘমেয়াদী পদ্ধতি (আই.ইউ.ডি) -২৫ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতি (ইমপ্ল্যান্ট) -৯৫ জন। প্রাতিষ্ঠানিক নিরাপদ স্বাভাবিক প্রসব সেবা (এফডব্লিউসি)-২৪ জন। প্রাতিষ্ঠানিক নিরাপদ স্বাভাবিক প্রসব সেবা (এমসিডব্লিউসি)-৫০ জন। পদ্ধতি গ্রহণ কারীর হার (সি.এ.আর)- ৮১.৫৪% । এছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর। |
| ৭। ত্রাণ ও পুর্ণবাসন:<br>(ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের টি.আর/ কাবিখা ও কাবিটার বরাদ্দের অনুকূলে প্রকল্প তালিকা অনুমোদন পাওয়া গেছে। দ্রুত সময়ের মধ্যে টি.আর/কাবিখা ও কাবিটার বরাদ্দ সংক্রান্ত নির্দেশকা-২০২১ মোতাবেক কাজ বাস্তাবায়ন হবে। দ্রুত সময়ের মধ্যে প্রকল্প কমিটি জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | (ক) ২০২১-২২ অর্থ বছরের টি.আর/কাবিখা ও কাবিটার সরকারি নির্দেশনা মোতাবেক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প কমিটি জমা দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর। |
| ৮। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ:<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, সকল শিক্ষা প্রতিষ্ঠানে বার্ষিক পরীক্ষা শেষ হয়েছে। এস.এস.সি/সমমান পরীক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ২০২২ সালের ১লা জানুয়ারি উৎসব মুখর পরিবেশে সকল ছাত্র ছাত্রীদের মাঝে বিনামূল্যে বই বিতরণ করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক মাধ্যমিক স্তরের সকল শিক্ষক ও কর্মচারীদের কোভিড-১৯ টিকা প্রদান কার্যক্রম নিশ্চিত করতে হবে এছাড়া সরকারি নির্দেশনা মোতাবেক ১লা জানুয়ারি ২০২২খ্রিঃ তারিখে বই বিতরণ কার্যক্রম সুষ্টু ও উৎসব মুখর পরিবেশে করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর। |

| | | |
|---|---|---|
| **৯। শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, কোভিড-১৯ এর কারনে এবছর প্রাথমিক শিক্ষা সমাপনী এবং বার্ষিক পরীক্ষা হবে না। গত বছরের ন্যায় ধারাবাহিক মূল্যায়ন হবে। ২০২২ সালের নতুন বই ইতোমধ্যে ৮০% চলে এসেছে এবং বাকী বই যথাসময়েই চলে আসবে। বিদ্যালয় পরিদর্শন জোরদার করণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | সরকারি নির্দেশনা কঠোরভাবে অনুরসরণ পূর্বক শ্রেণী পাঠদান কার্যক্রম চালু রাখা সহ শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সদর। |
| **১০। মহিলা বিষয়ক বিভাগ:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, প্রত্যেক ইউনিয়নে ১৭৭ জন মহিলাদের মধ্যে ৮০০ টাকা হিসাবে মাতৃত্ব ভাতার টাকা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। নতুন কোন বরাদ্দ এখনো পাওয়া যায়নি। ভিজিডি কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে নারী নির্যাতনের হার বৃদ্ধি পেয়েছে। তবে নারী নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ নিরোধ বিষয়ে উঠান বৈঠক অব্যাহত আছে। এছাড়া সরকারি নির্দেশনা মোতাবেক তার দপ্তরের অন্যান্য সকল কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | সরকারি নির্দেশনা কঠোরভাবে পালন করাসহ জনসাধারণের সেবার মান নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হবে। | উপজেলা মহিলা বিয়য়ক কর্মকর্তা, সদর। |
| **১১। সমাজসেবা বিভাগ:**<br>উপজেলা সহকারী সমাজ সেবা কর্মকর্তা সভায় বলেন যে, ২০২১-২২ অর্থ বছরে প্রতিবন্ধী ভাতার অতিরিক্ত বরাদ্দের ১৫টি ইউনিয়নের মধ্যে ০৭ টি ইউনিয়নের তালিকা পাওয়া গেছে এবং এমআইএস সম্পন্ন হয়েছে। যাচাই বাছাই পূর্বক পে-রোল দেযা হবে। অবশিষ্ট ০৮টি ইউনিয়নের তালিকা আগামী ১২/১২/২০২১খ্রি: তারিখের মধ্যে প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণদের প্রতি অনুরোধ জানান। এছাড়া জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রবর্তিত সমাজসেবা অধিদপ্তরের সুদমুক্ত ক্ষুদ্র ঋণ কার্যক্রমকে গতিশীল ও কাঙ্খিত লক্ষ্যমাত্র অর্জনের লক্ষ্যে মুজিব শতবর্ষে সুদমুক্ত ক্ষুদ্র ঋণ কার্যক্রমের ১৪-২১ ডিসেম্বর সুদ মক্তু ক্ষুদ্র ঋণ জাগরণী সপ্তাহ উদযাপন হবে। উক্ত জাগরণী সপ্তাহে সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। তাছাড়া ২জানুয়ারি/২০২২ জাতীয় সমাজসেবা দিবস পালিত হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | প্রাপ্ত ওয়ার্ড/ ইউনিয়ন ভিত্তিক তালিকার ভিত্তিতে পে-রোল করার সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া যে সমস্ত ইউনিয়ন থেকে প্রতিবন্ধিদের তালিকা এখনো পাওয়া যায়নি দ্রুত সময়ের মধ্যে তা জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>খ) উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটি।<br>গ) ইউনিয়ন ভাতা বাস্তবায়ন কমিটি। |
| **১২। যুব উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তর থেকে ০৮/১২/২১খ্রি: পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ২,৮৫,৬৪,০০০ টাকা। বর্তমান মাসে চলমান আদায়কৃত ঋণের পরিমাণ ১,৩১,২৮৫ টাকা। চলমান অর্থবছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪২০ জন এবং প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ঋণ বিতরণ এবং ঋণ গ্রহিতা যুব ও যুবতীদের ঋণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে এবং কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যান্য কার্যক্রম এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সদর |
| **১৩। সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় দিগপাইত ও রানাগাছা ইউনিয়ন নারী উন্নয়ন সমবায় সমিতি লি: এর ২২০ জন সদস্যদের মাঝে সর্বমোট বিতরণকৃত ঋণের পরিমাণ ৩,৬৬,০০,০০০ (তিন কোটি ছেষট্টি লক্ষ) টাকা। ০৮/১২/২০২১খ্রি: পর্যন্ত আদায় যোগ্য | সমবায় বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম ও আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সদর। |

| | | |
|---|---|---|
| ঋণের পরিমাণ ১,৫৭,৭৯,৩০০ (এক কোটি সাতান্ন লক্ষ উনআশি হাজার তিনশত) টাকা। ঋণ আদায়ের হার ৮৪%। এছাড়া অত্র উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণের পরিমাণ ৬৮,১৩,০০০ (আটষট্টি লক্ষ তের হাজার) টাকা এবং উক্ত মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৫৬,৮২,৮০০ (ছাপ্পান্ন লক্ষ বিরাশি হাজার আট শত) টাকা। চলতি অর্থ বছরে আদায় যোগ্য সরকারি রাজস্ব (অডিট ফি, নিবন্ধন ফি, ভ্যাট ও সিডিএফ) বাবদ ৪৮,০০০ টাকা আদায় করে চালানের মাধ্যমে জমা করা হয়েছে। অগ্রগতির হার ১০০% । এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | | |
| **১৪। বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড (বিআরডিবি):**<br>উপজেলা বিআরডিবি কর্মকর্তা সভায় বলেন, জামালপুর সদর উপজেলায় শুরু হতে ঋণ বিতরণ ১০৩০.০৯ লক্ষ টাকা এবং আদায় ৯০৯.০১ লক্ষ টাকা। আদায়ের হার ৮৮.২৪%। ২০২১-২২ অর্থবছরে অপ্রধান শস্য প্রকল্পের ৮০ জন্য সদস্যকে রসুনের বীজ প্রদান করা হয়েছে। অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ এর ০২টি স্কীম বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। | বিআরডিবি বিভাগের আওতায় বিভিন্ন ঋণ বিতরণ ও প্রশিক্ষণ ও কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সদর |
| **১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় বলেন যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ৩৯০টি সাবমার্সিজিবল পাম্পযুক্ত অগভীর নলকূপের মধ্যে ৩০টি গভীর নলকূপের টেষ্ট বোরিং এর কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট গভীর নল কুপের ট্রেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০টি ওয়াশব্লকের মধ্যে ২০ টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৬টি বরাদ্দ পাওয়া গেছে এর মধ্যে ৬ টি কাজ চলমান রয়েছে এবং চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় (১ম পর্যায়) এর আওতায় ১৪টি বরাদ্দ পাওয়া গেছে এবং উক্ত কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে তবে কাজ এখনো শুরু হয়নি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় সকল প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, জামালপুর সদর। |
| **১৬। বন বিভাগ:**<br>উপজেলা বন কর্মকর্তা সভায় বলেন যে, বন বিভাগের আওতায় নতুন কোন কর্মসূচী চলমান নাই। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলমান রয়েছে। | বন বিভাগের আওতায় নতুন নতুন কার্যক্রম গ্রহণ সহ বিভাগীয় অন্যান্য কার্যক্রম সঠিক ভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, সদর। |
| **১৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):**<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) জনাব মো: আশরাফুল আলম সভায় জানান, ইউজিডিপি'র আওতায় (৫ম পর্যায়) বাস্তবায়নের জন্য ১০ (দশ) লক্ষ টাকার সক্ষমতা উন্নয়নের ০৭টি প্রকল্প প্রকল্পের প্রধান কার্যালয় কর্তৃক অনুমোদন হয়েছে। অন্যধিকে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার অবকাঠামো উন্নয়নের ০৩টি প্রকল্পের প্রয়োজনীয় ডকুমেন্টস তৈরির কাজ চলমান রয়েছে। আশা করা যাচ্ছে খুব অল্প সময়ের মধ্যেই উক্ত প্রকল্পগুলো প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণ করা হবে। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় বাস্তবায়নের জন্য প্রকল্পগুলোর প্রয়োজনীয় তথ্যাবলী দিয়ে সহযোগীতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ইউডিএফ, উপজেলা পরিষদ জামালপুর সদর, জামালপুর। |

<table>
<tr>
<td>১৮। বিবিধঃ<br><u>(ক) উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদনঃ</u><br>উপজেলা প্রকৌশলী পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন।<br>(১) বাসাবাড়ি ও অফিস মেরামত।<br>(২) ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত।<br>(৩) অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য।<br>(৪) উপচে ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমণ ভাতা।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত, ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত ও অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য প্রদান, উপচে ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমণ ভাতা অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সদর, জামালপুর।</td>
</tr>
<tr>
<td><u>(খ) রাজস্ব তহবিল সংক্রান্ত :</u><br>রাজস্ব তহবিলের ২৯ নভেম্বর/২০২১ থেকে ০৮ ডিসেম্বর/২১ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>উপচে ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা</td><td>৯৪,০০০</td></tr>
<tr><td>মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান</td><td>২৪,২০০</td></tr>
<tr><td>পরিষদের আপ্যায়ন ব্যয় বাবদ</td><td>৩৭,৮৮০</td></tr>
<tr><td>পরিষদের আনুষঙ্গিক/অফিস স্টেশনারী</td><td>৪,৯১০</td></tr>
<tr><td>আনসারের বেতন</td><td>৮,৩৩৩</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>১,৬৯,৩২৩</td></tr>
</table></td>
<td>বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় ২৯ নভেম্বর /২০২১ থেকে ০৮ ডিসেম্বর/২১ মাসের ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ১,৬৯,৩২৩ (এক লক্ষ উনসত্তুর হাজার তিনশত তেইশ) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।</td>
<td>সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা।</td>
</tr>
</table>

পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর বলেন, জামালপুর সদরের উন্নয়নের স্বার্থে সকল সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা, স্বচ্ছতার ও জবাবদিহিতার সহিত কাজ করতে হবে। উপজেলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সবাইকে এক সাথে কাজ করার আহবান জানান। উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্তের অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট নির্মাণ ও সংস্কারের নির্দেশনা প্রদান করেন এবং জরুরী ভিত্তিতে প্রকল্প তালিকা জমা দেওয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া তিনি নতুন নির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে এবং বিদায়ী ইউপি চেয়াম্যানগণকে আগামী উপজেলা পরিষদের মাসিক সভায় স্বাগত ও বিদায় অনুষ্ঠান করার ইচ্ছা প্রকাশ করেন। অতঃপর, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ আবুল হোসেন)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

তারিখ: ১২ ডিসেম্বর, ২০২১ খ্রি.

স্মারক নং: ০৫.০০.৩৯৩৬.০০২.০৬.০০১.২১- ২২৫৬ (ক)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য - ১৪২, জামালপুর- ৫, জামালপুর।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, জামালপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

৮। উপজেলা........................................................................................অফিসার, জামালপুর সদর।
৯। চেয়ারম্যান ........................................................................................ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।
১০। .................................................................................................জামালপুর সদর, জামালপুর।
১১। অফিস কপি।

১২/১২/২১

(লিটুস লরেন্স চিরান)
উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নং ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd